

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিয়ানীবাজার, সিলেট।
www.beanibazar.sylhet.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৯১১৭.০০৭.০০.০৪০.১৮-৫৬৭

তারিখ : ০৯/০৫/২০১৯ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বিয়ানীবাজার উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের নামের পার্শ্বে বর্ণিত ওয়ার্ডে গ্রাম পুলিশ (দফাদার/মহল্লাদার) নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
০১	দফাদার	শেওলা	-	০১	(০১) দফাদার পদে বিভাগীয় পদোন্নতির মাধ্যমে নিয়োগ দেয়া হবে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগ দেয়া হবে।
		তিলপাড়া	-	০১	
		মোল্লাপুর	-	০১	
		লাউতা	-	০১	
০২	মহল্লাদার	চারখাই	০৯	০১	(ক) পদোন্নতির জন্য মহল্লাদার পদে অন্যান্য ১০ (দশ) বছর চাকুরী করার অভিজ্ঞতা থাকতে হবে। (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যান্য দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (০২) মহল্লাদার পদে সরাসরি নিয়োগ দেয়া হবে। শিক্ষাগত যোগ্যতা : অষ্টম শ্রেণি উত্তীর্ণ।
		দুবাগ	০৩ ও ০৯	০২	
		শেওলা	০২	০১	
		কুড়ারবাজার	০৪, ০৭ ও ০৮	০৩	
		মাথিউরা	০৩, ০৫, ০৬, ০৭ ও ০৮	০৫	
		তিলপাড়া	০৬ ও ০৭	০২	
		মোল্লাপুর	০১, ০৩ ও ০৭	০৩	
		মুড়িয়া	০১, ০৩, ০৪ ও ০৯	০৪	
লাউতা	০২ ও ০৭	০২			

শর্তাবলী :

- আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, বিয়ানীবাজার, সিলেট বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র আগামী ৩০/০৫/২০১৯ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/ সরাসরি জমা দিতে হবে।
- আবেদনপত্রের সাথে যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- আগ্রহী প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিয়ন/ ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে নিয়োগ প্রদান করা হবে।
- মহল্লাদার নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা :

প্রার্থী	সর্বনিম্ন উচ্চতা	সর্বনিম্ন ওজন	সর্বনিম্ন বুকের মাপ	
			স্বাভাবিক অবস্থায়	সম্প্রসারিত অবস্থায়
পুরুষ	৫ ফুট ২ ইঞ্চি	৫০ কেজি	৩০ ইঞ্চি	৩২ ইঞ্চি
মহিলা	৫ ফুট	৪৫ কেজি	২৮ ইঞ্চি	৩০ ইঞ্চি

- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

(ক) প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, (খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ, (গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি (যদি থাকে), (ঘ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি, (ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি (চ) সকল শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি (ছবি ও দাখিলকৃত সনদপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নের ক্ষেত্রে নামযুক্ত সীল ব্যবহার করতে হবে)

- প্রার্থীর বয়স ৩০/০৫/২০১৯ খ্রি. তারিখের মধ্যে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

- ০৭। সরকার কর্তৃক জারীকৃত কোটা সংক্রান্ত নির্দেশনাবলী অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধা সম্ভানের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদের কপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ০৮। সরকারি/ আধাসরকারি সংস্থায় চাকুরীরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০৯। প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বেপ্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১১। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।
- ১৩। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে অবশ্যই অফিসার ইনচার্জ, বিয়ানীবাজার থানা কর্তৃক চারিত্রিক সদাচারণ সনদপত্র গ্রহণ করতে হবে।
- ১৪। কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসামাত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করতঃ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৫। পরবর্তীতে প্রার্থীদের স্থায়ীকরণের বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(কাজী আরিফুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
বিয়ানীবাজার, সিলেট।
০২/০৫/১৯

স্মারক নং- ০৫.৪৬.৯১১৭.০০৭.০০.০৪০.১৯-৫৬৭

তারিখ : ০৯/০৫/২০১৯ খ্রি.

অনুলিপি : সদয় অবগতির জন্য।

- ০১। জেলা প্রশাসক, সিলেট।
- ০২। উপ পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে।

- ০৪। উপজেলা.....কর্মকর্তা (সকল), বিয়ানীবাজার, সিলেট।
- ০৫। চেয়ারম্যান,.....ইউপি (সকল), বিয়ানীবাজার, সিলেট। তাকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন তথ্য বাতায়নে এবং হাট-বাজারে লটকানোসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সচিব,.....ইউপি (সকল), বিয়ানীবাজার, সিলেট। তাকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন তথ্য বাতায়নে এবং হাট-বাজারে লটকানোসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। উদ্যোক্তা.....ইউপি (সকল), বিয়ানীবাজার, সিলেট। তাকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৮। জনাব....., বিয়ানীবাজার, সিলেট।
- ০৯। অফিস কপি/নোটিশ বোর্ড।

(কাজী আরিফুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
বিয়ানীবাজার, সিলেট।
০২/০৫/১৯